


২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে
অংশীজনদের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মো: নুরুন্নবী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিএমডি
তারিখ	:	০৩ ডিসেম্বর ২০২০
সময়	:	দুপুর ৩.০০ ঘটিকা
সভার স্থান:	:	এমজিএমসিএল এর সভা কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে আলোকপাত করেন। মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড-এর কঠিন শিলা উত্তোলনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে শুদ্ধাচার/উত্তমচর্চা অপরিহার্য। তাইতো, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শুদ্ধাচার/উত্তমচর্চা বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভা অন্তর্ভুক্ত করা হয়েছে। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবা ই-রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিএমডি কর্তৃক অভ্যন্তরীণ ই-সেবার অংশ হিসাবে একটি ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি করা হয়। এর ফলে নাগরিক কর্তৃক খনিজ সম্পদ সংক্রান্ত তথ্য এক নজরে ও সহজেই জানা সম্ভব হচ্ছে।

২.০ আলোচনা

দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুসম ব্যবহার ও উত্তোলন ব্যবস্থাপনা আরও আধুনিকায়নের জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছে। উত্তম চর্চা অংশ হিসেবে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে খনি কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া আমাদের সীমিত খনিজ সম্পদ অপচয় রোধ ও সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। ইজারাগ্রহীতা কর্তৃক ইজারার মেয়াদ উত্তীর্ণের অন্যান্য ২ (দুই) মাস পূর্বে নবায়নের আবেদন করার বিধান রয়েছে বলে জানান হয় নতুবা বিধিতে জরিমানার বিধান রয়েছে। খনি কার্যক্রম শুরুর পর প্রতি পঞ্জিকা মাসের প্রথম ৭ (সাত) দিনের মধ্যে ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত ফরমে পূর্ববর্তী মাসের উৎপাদন প্রদর্শনপূর্বক একটি উৎপাদন রিটার্ন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। পরিবেশের ক্ষতি হয় বা পরিবেশের ক্ষতির সম্ভাবনা আছে এমন কোন কার্যক্রম গ্রহণ না করার অনুরোধ জানানো হয়। মধ্যপাড়া কঠিন শিলা খনির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: কামরুজ্জামান জানান যে, কঠিন শিলা খনি হতে সরকারের প্রাপ্য রাজস্ব তথা রয়্যালটি ও বার্ষিক ফি পরিশোধ বিষয়ে কিছু অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় এমজিএমসিএল এর প্রতিনিধি রাখার জন্য অনুরোধ জানান তিনি। সর্বশেষ বিএমডির মহাপরিচালক তথা সরকারের অতিরিক্ত সচিব মহোদয় কর্তৃক এমজিএমসিএল এর খনি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আবারো খনি পরিদর্শনের জন্য অনুরোধ জানান।


২/১২/২০২০

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত
(মোঃ নুরুন্নবী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩ (অংশ-২). ২৪৫৮

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪২৭
০৯ ডিসেম্বর ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল, মধ্যপাড়া, দিনাজপুর;
- ৪। উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), এমজিএমসিএল, মধ্যপাড়া, দিনাজপুর;
- ৫। উপ-মহাব্যবস্থাপক (প্রডাকশন ও উন্নয়ন), এমজিএমসিএল, মধ্যপাড়া, দিনাজপুর;
- ৬। উপপরিচালক (খনি ও খনিজ)(চ.দা), বিএমডি, ঢাকা;
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৮। অফিস কপি।


০১-১২-২০২০
(মোসাঃ মাহবুব খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)